দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 JAN ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

১৬

01

## চট্টগ্রাম ভার্সিটির মাষ্টার্স পরীক্ষা স্থগিত

॥ চট্টগ্রাম অফিস ॥

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে ১৪ই জানুয়ারী অনুষ্ঠিতব্য ১৯৮৮ সালের মাষ্টার ডিগ্রী পরীক্ষা এবং ১৭ই জানুয়ারী অনুষ্ঠিতব্য দ্বিতীয় বর্ষ বি, এ, অনার্স পরীক্ষা অনিবার্য কারণবশতঃ স্থগিত ঘোষণা করা হইয়াছে। পরে তারিখ ঘোষণা করা হইবে।

এদিকে শনিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের সভাপতিত্বে অনুষ্ঠিত ডীনদের এক সভায় ১২ই জানুয়ারী ডিগ্রী পাস পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। যে সকল পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠানের সুষ্ঠু পরিবেশ থাকিবে না এবং বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হইবে না সেই সকল কেন্দ্রের পরীক্ষা গ্রহণযোগ্য হইবে না ও ঐ সকল কেন্দ্রের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।